

নম্বর: ১৮.১৮.১৫০৪.৪৫৪.৫২.০০১.২২

তারিখ: ০৭ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি

### Pre-Sea Junior Marine Electro-Technical Officer কোর্সে ভর্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, অত্র একাডেমিতে ৬ (ছয়) মাস মেয়াদী Pre-Sea Junior Marine Electro-Technical Officer কোর্সটি (৩য় ব্যাচ) নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

আবেদনের যোগ্যতা	এনরোলমেন্ট এর শেষ তারিখ	কোর্স শুরুর তারিখ
বিএসসি ইন ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/ইইই বিষয়ে সনদধারী। অথবা বিজ্ঞান বিষয়ে এসএসসি সহ ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স টেকনোলজি সনদসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে দুই বছরের অভিজ্ঞতা। শারীরিক যোগ্যতাঃ- উচ্চতা ও ওজন BMI অনুযায়ী মানানসই হতে হবে (ন্যূনতম ১৮ থেকে সর্বোচ্চ ২৫)। দৃষ্টি শক্তিঃ খালি চোখে সর্বোচ্চ ৬/১২ (চশমাসহ ৬/৬) এবং অবশ্যই বর্ণান্ধতামুক্ত হতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর প্রার্থীকে অবশ্যই সঁাতার জানতে হবে।	০৩/০৪/২০২৪	২৮/০৪/২০২৪

এনরোলমেন্টের সময় একাডেমির প্রকৌশল দপ্তর হতে প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহপূর্বক পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রাদি ০১ (সেট) প্রধান প্রকৌশলীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে সরাসরি জমা দিতে হবে:

- সকল শিক্ষাগত যোগ্যতা সনদের এবং এসএসসি পরীক্ষার মার্কশীট এর রঙিন সত্যায়িত ফটোকপি।
- জাতীয় পরিচয়পত্রের রঙিন সত্যায়িত ফটোকপি।
- জন্মনিবন্ধন সনদ এর রঙিন সত্যায়িত ফটোকপি।
- পাসপোর্ট এর রঙিন সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।
- সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

#### বিঃ দ্রঃ

- ভর্তি/নির্বাচনী পরীক্ষার সময় উল্লেখিত সকল সনদ এর মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।
- আগামী ২১/০৪/২০২৪ (সম্ভাব্য) তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তালিকা একাডেমির নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের উল্লেখিত কোর্সে ভর্তির জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কোর্স ফি বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ মাত্র) টাকা কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর অনুকূলে ২৫/০৪/২০২৪ তারিখের মধ্যে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে জমা প্রদান করতে হবে এবং PLC কোর্স এর কোর্স ফি সংশ্লিষ্ট ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত হারে উক্ত ইনস্টিটিউটে জমা করতে হবে।